

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৩৭৪

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৮৫. মাগরিব ও এশার মধ্যবর্তী সময়ের সালাত।

بَابِ مَا جَاءَ فِي الصَّلَاةِ بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ

আরবী

حَدَّ ثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، وَأَبُو عُمَرَ حَفْصُ بْنُ عُمَرَ قَالاَ حَدَّ ثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، حَدَّ ثَنِي عُمَرُ بْنُ أَبِي خَثْعَمِ الْيَمَامِيُّ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ عُمَرُ بْنُ أَبِي ضَلْعَةً بَعْدَ الْمَغْرِبِ لَمْ قَالَ رَسُولُ اللّهِ عليه وسلم - " مَنْ صَلَّى سِتَّ رَكَعَاتٍ بَعْدَ الْمَغْرِبِ لَمْ يَتَكَلَّمْ بَيْنَهُنَّ بِسُوءٍ عُدِلَتْ لَهُ عِبَادَةَ اثْنَتَىْ عَشْرَةَ سَنَةً ".

বাংলা

১৩৭৪। আবৃ হুরাইরাহ থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যে ব্যক্তি মাগরিবের সালাতের পর ছয় রাকআত সালাত (নামায/নামাজ) পড়লো এবং এ সালাতের মাঝখানে কোন অশিষ্ট কথা বলেনি, তাকে বারো বছরের ইবাদাতের সওয়াব দেয়া হয়।

English

It was narrated that Abu Hurairah said:

"The Messenger of Allah (ﷺ) said: 'Whoever prays six Rak'ah after the Maghrib and does not speak evil between them, they will be made equivalent to twelve years' worship.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ৪৩৫, ইবনু মাজাহ ১১৬৭।

তাহকীক আলবানী: যঈফ জিদ্ধান। তাখরীজ আলবানী: জামি সগীর ৫৬৬১ যঈফ জিদ্ধান, ইবনু মাজাহ ১১৬৭ যঈফ জিদ্ধান, তিরমিয়ী ৪৩৫ যঈফ জিদ্ধান, মিশকাত ১১৭৩ লাম, যঈফ তারগীব ৩৩১ যঈফ জিদ্ধান, যঈফা ৪৬৯ যঈফ জিদ্ধান। উক্ত হাদিসের রাবী ১. যায়দ ইবনুল হুবাব সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সত্যবাদী



কিন্তু হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আলী ইবনুল মাদীনী ও উসমান বিন আবু শায়বাহ তাকে সিকাহ বলেছেন। ২. ওয়ালীদ বিন উকবাহ সম্পর্কে ইমাম যাহাবী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ৩. উমার বিন আবু খাসআম আল ইয়ামামী সম্পর্কে ইমাম বুখারী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল তার হাদিসের অনুসরণ করা যাবে না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন